কালের কণ্ঠ

তারিখ ... 16 AUG 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

# শিক্ষাপ্রতিষ্ঠানে বঙ্গবন্ধুকে স্মরণ

নিজস্ব প্রতিবেদক ▷

নানা কর্মসূচির মধ্য দিয়ে গতকাল শনিবার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর ৪০তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, কালো পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, আলোচনা সভা, প্রামাণ্যচিত্র প্রদর্শনী, শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রভৃতি।

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর আলোচনা সভা হয়। এতে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। আলোচনা সভা শেষে 'আরাধ্য বঙ্গবন্ধু' শীর্ষক প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। পরে উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কার্যালয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতি স্থাপন করেন। এর আগে টিএসসি ক্যাফেটেরিয়ায় 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক চিত্রাঙ্কন প্রতিযোগিতা হয়।

**জাতীয় বিশ্ববিদ্যালয় :** ধানমণ্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুল দিয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদের নেতৃত্বে সেখানে ট্রেজারার প্রফেসর মো. নোমান উর রশীদসহ অনেকে উপস্থিত ছিলেন। আজ রবিবার শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের গাজীপুরের ক্যাম্পাসে আলোচনা সভা হবে।

**নর্থ সাউথ ইউনিভার্সিটি :** ভারপ্রাপ্ত উপাচার্য ড. গৌর গোবিন্দ গোস্বামীর সভাপতিত্বে দোয়া মাহফিল ও আলোচনা সভা হয় সেখানে। প্রধান অতিথি ছিলেন ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ। তিনি বলেন, 'বঞ্চনা আর নিজ দেশে পরবাসীর মতো থেকে বঙ্গবন্ধু আমাদের মুক্তি দিয়ে গেছেন।'

**আশা ইউনিভার্সিটি :** বঙ্গবন্ধুকে নিয়ে আলোচনা সভার আয়োজন করা হয়। সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক ড. ডালেম চন্দ্র বর্মণ। অধ্যাপক এস আমিনুল ইসলামের তত্ত্বাবধানে সভায় বক্তব্য দেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম হেলাল উজ জামান ও উপদেষ্টা অধ্যাপক মো. মঈনউদ্দিন খানসহ বেশ কয়েকজন। আলোচকরা মুক্তিযুদ্ধে বঙ্গবন্ধুর নানা অবদান নিয়ে কথা বলেন।

**গ্রিন ইউনিভার্সিটি :** উপাচার্য ড. মো. গোলাম সামদানী ফকিরের সভাপতিত্বে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয় সেখানে। আলোচনা সভায় বক্তারা বলেন, ভাষা আন্দোলন, ছয় দফা আন্দোলন ও উনসত্তরের গণ-অভ্যুত্থানের চূড়ান্ত রূপ হলো ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ। আর এই যুদ্ধের নেতৃত্বে ছিলেন বঙ্গবন্ধু।

**এশিয়ান ইউনিভার্সিটি :** বঙ্গবন্ধুর শাহাদাতবার্ষিকী উপলক্ষে গত শুক্রবার শোক শোভাযাত্রার আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আবুল হাসান মুহাম্মদ সাদেকের নেতৃত্বে শোভাযাত্রায় বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ড. জাফর সাদেক ও ইসলামিক হিস্ট্রি অ্যান্ড সিভিলাইজেশন বিভাগের প্রধান ড. মো. আমিরুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের অন্য শিক্ষকরা অংশ নেন।

এ ছাড়া জাতীয় শোক দিবস উপলক্ষে গতকাল বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনাল্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা অধিদপ্তরসহ বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান নানা কর্মসূচি পালন করেছে।